

**WEST BENGAL STATE UNIVERSITY**  
B.A. Honours 1st Semester Examination, 2019

**BNGACOR01T-BENGALI (CC1)**

Time Allotted: 2 Hours

Full Marks: 50

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।  
পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।

নেং প্রশ্ন আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্ন নিয়ে আরও চারটি প্রশ্নের উত্তর দাও  
(প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হওয়া বাঞ্ছনীয়)

একক - ১

- ১। 'চর্যাগীতি ধর্মসংগীত হলেও সমাজবিবিজ্ঞ নয় - এই গানগুলির মধ্যে পাই তৎকালীন সমাজ।' মন্তব্যটি ব্যাখ্যা করো। ১০

অথবা

- 'শ্রীকৃষ্ণকীর্তন' কোন সময়ে রচিত? এই পুঁথিটির মধ্যে প্রাপ্ত চিরকুটে নাম-সূচক শব্দটি কী? ১+১+৮=১০  
'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটিতে যে নাটকীয়তা আছে তা কাব্যের কাহিনী অবলম্বনে আলোচনা করো।

একক - ২

- ২। মঙ্গলকাব্যের বৈশিষ্ট্য উল্লেখ করো। 'মনসামঙ্গল' কাব্যের যে-কোনো একজন কবির কৃতিত্ব লিপিবদ্ধ করো। ৩+৭=১০

অথবা

- মুকুন্দ চক্রবর্তীর 'চণ্ডীমঙ্গল' কাব্যে তাঁর সমকালীন আর্থ-সামাজিক অবস্থার যে চিত্রটি মেলে তা সংক্ষেপে বিবৃত করো। ১০

একক - ৩

- ৩। ভাগবতের একজন অনুবাদকের নাম উল্লেখ করো। অনুবাদক হিসাবে তাঁর শ্রেষ্ঠত্ব বিচার করো। ১+৯=১০

অথবা

- 'মধ্যযুগের দেবমাহাত্ম্যপূর্ণ কাব্য রচনার পরিবর্তে মানুষের রোমান্টিক প্রেমগাথা রচনা করলেন আরাকানের রাজসভার কবিরা।' - মন্তব্যটি বিচার করো। ১০

একক - ৪


- ৪। প্রধান দুটি চৈতন্য জীবনী কাব্যের নাম লেখো। এই দুটি গ্রন্থের তুলনামূলক আলোচনা করো। ২+৮=১০


অথবা

- নাথ সাহিত্যের ধারাগুলি উল্লেখ করো। নাথ সাহিত্যের যে-কোনো একটি ধারার কাহিনী সংক্ষেপে আলোচনা করো। ২+৮=১০

- ৫। নিম্নলিখিত যে-কোনো দুটি বিষয় সম্পর্কে সংক্ষিপ্ত পরিচয় দাওঃ ৫×২=১০

- (ক) চর্যাপদের ভাষা সম্পর্কে লেখো  
(খ) টীকা লেখোঃ কবিকঙ্কণ-চণ্ডী  
(গ) শ্রীরাম পাঁচালী  
(ঘ) বৈষ্ণব পদাবলী রচনাকার বিদ্যাপতি।





**WEST BENGAL STATE UNIVERSITY**  
B.A. Honours 1st Semester Examination, 2019

**BNGACOR02T-BENGALI (CC2)**

Time Allotted: 2 Hours

Full Marks: 50

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।  
পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।

৫নং প্রশ্ন আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্ন নিয়ে আরও চারটি প্রশ্নের উত্তর দাও  
(প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হওয়া বাঞ্ছনীয়)

একক - ১

- ১। ধর্মনিরপেক্ষ গীতিকবিতা হিসেবেও বৈষ্ণব পদাবলী আধুনিক কাব্য পাঠকের কাছে আকর্ষণীয় হয়ে উঠেছে – এ বিষয়ে আলোচনা করে তোমার স্বাধীন মতামত ব্যক্ত করো। ১০
- অথবা
- ‘এ সখি হামারি দুখের নাহি ওর’ – এটি কোন পর্যায়ের পদ ? পদকার কে ? পদটি বিশ্লেষণ করে ১+১+৮=১০  
কবি-কৃতিত্ব বিচার করো।

একক - ২

- ২। আগমনী ও বিজয়া পর্যায়ের পদে সমকালীন সমাজের যে চিত্র ধরা পড়েছে তা পাঠ্যপদ অবলম্বনে আলোচনা করো। ১০
- অথবা
- ‘কেবল আসার আশা, ভবে আসা, আসা মাত্র হলো।’ – পদকর্তা ও পদপর্যায়ের নাম উল্লেখ করে পদটির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো। ১+১+৮=১০


একক - ৩

- ৩। হাস্যরস সৃষ্টিতে মুকুন্দ চক্রবর্তীর দক্ষতা বিশ্লেষণ করো। ১০
- অথবা
- মুকুন্দ চক্রবর্তীর ‘চণ্ডীমঙ্গল’ কাব্য অবলম্বনে ফুল্লরা চরিত্রটির পরিচয় দাও। ১০

একক - ৪

- ৪। ‘চৈতন্যভাগবত’-এর আদিখণ্ড অবলম্বনে হরিদাসের চরিত্র ও মাহাত্ম্য বর্ণনা করো। ১০
- অথবা
- ‘চৈতন্যভাগবত’-এর আদিখণ্ড অনুসরণে ‘গৌরাঙ্গ অবতরণের হেতু’ এবং তৎকালীন ‘নবদ্বীপের অবস্থা’র পরিচয় দাও। ১০

- ৫। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ১৫০) ৫×২=১০
- (ক) 'অভিনব হেম কল্পতরু সঞ্চরক  
ভকত-ভ্রমরগণ ভোর।'  
কোন পর্যায়ের পদ? পদকর্তা কে? উদ্ধৃত অংশটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১+১+৩=৫
- (খ) 'ও পদ-পঙ্কজ লাগি, শঙ্কর হৈয়েছে যোগী গো।  
হর হৃদি-মাঝে রাখে অতি যতনে॥'  
পদকর্তা ও পর্যায়ের নাম উল্লেখ করে উদ্ধৃত অংশের তাৎপর্য ব্যাখ্যা করো। ১+১+৩=৫
- (গ) 'কহিতে জানিস বেটা কপট প্রবন্ধ।  
হৃদয়ে পূরিত বিষ মুখে মকরন্দ॥'  
কার উদ্দেশ্যে কে একথা বলেছে? উক্তিটির নিহিতার্থ ব্যাখ্যা করো। ২+৩=৫
- (ঘ) 'শ্রীধর বলেন আমি খোলা বেচি খাই  
ইহাতে কি দিব তাহা বলহ গোসাঞি॥'  
শ্রীধর কে? তিনি কার উদ্দেশ্যে একথা বলেছেন? প্রসঙ্গ নির্দেশ করো। ২+১+২=৫



—x—